2551 200Rs.

INDIA NON JUDICIAL

२००रू. Rs200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

Under section........5... tenancy act duly stamped under the Indian Stamp Act, 1899 Schedule I, A: No.............. Fee Paid... Process Fee 7/- C.F.S

B.L.R.

A 85.50
N .50
Rs 86.00

Joint Sub-Registrar of Alipore at Behala.
19/6/70

মং ১৪,০০০ চৌদ্দ হাজার টাকা মূল্যের -

সাফ বিক্রয় কোবালা -

কোবালা গ্রহীতা -

শ্রী প্রফুল্ল চন্দ্র ঘোষ -
পিতা ঁ অতুল চন্দ্র ঘোষ -
জাতি হিন্দু, পেশা ডাক্তারী -
সাং ৫৫এ, টালিগঞ্জ সার্কুলার রোড -
থানা বেহালা, জেলা ২৪ পরগণা। -

কোবালা দাতা -

শ্রী বিহারী লাল গাঙ্গুলী -
পিতা ঁ প্রতাপ চন্দ্র গাঙ্গুলী -
জাতি হিন্দু, পেশা ব্যবসায়ী ও বিষয়ভোগী, সাং ৪২এ, চেতলা রোড, থানা আলিপুর -
জেলা ২৪ পরগণা। -


CANOPAS BUILDTECH PVT. LTD
Director

কস্য সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে, -

জেলা ২৪ পরগণা, থানা বেহালা মৌজা পূর্ব্ব সাহাপুর গ্রামে গত জেলা জরীপের -

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

150 Rs.




২

জরীপের ৩৭৪ নং খতিয়ানভুক্ত সম্পত্তি সমূহ আমার পিতা অধুনা মৃত প্রতাপ চন্দ্র - গাঙ্গুলী মহাশয় এবং তদীয় ভ্রাতুষ্পুত্র অধুনা মৃত দাশুরথি গাঙ্গুলী মহাশয় ইং ২।৩।৩৫ তারিখের রেজেষ্টারীকৃত আলিপুর ডিষ্ট্রিক্ট সবরেজেষ্ট্রারী আফিসের বুক নং ১, ভল্যুম ৩৫, সন ১৯৩৫সালের ৭৯০নং দলিলরূপে ৭৩-৮২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ - কোবালা মূলে অনাথবন্ধু মানা ও অতুল কৃষ্ণ মানার নিকট হইতে খরিদ করিয়া - তাহাতে তুল্যাংশে এজমালে স্বত্ব দখলকার থাকেন । আমার পিতা ঠাকুর *প্রতাপ - চন্দ্র গাঙ্গুলী মহাশয় ২২।৪।৩৭ তারিখের একটি রেজেষ্ট্রীকৃত উইল করিয়া বিগত - বাংলা ৭।২।৪৪ তারিখে পরলোক গমন করেন এবং উক্ত উইল আলিপুর ডিষ্ট্রিক্ট - আদালতে ৬৬। ১৯৩৭নং ও,এস, মোকর্দ্দমায় যথারীতি প্রবেটেড হয় । উক্ত উইল মূলে - উপরোক্ত সম্পত্তিতে আমার পিতাঠাকুর * প্রতাপ চন্দ্র গাঙ্গুলীর অবিভক্ত অর্দ্ধাংশ মায়-

CANOPAS BUILDTECH PVT. LTD.
Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

25 Rs.

पच्चीस रुपया

भारत

INDIA

२५रु. TWENTY FIVE RUPEES 25RS



মায় অন্যান্য সম্পত্তি আমি প্রাপ্ত হই এবং উপরোক্ত সম্পত্তিতে উপরোক্ত দাশরথি - গাঙ্গুলী মহাশয়ের সহিত এবং তাঁহার মৃত্যুর পর তাঁহার ওয়ারেশগণের সহিত - এজমালে সুত্বদখলকার থাকি । পরে ঁ দাশরথি গাঙ্গুলীর ওয়ারেশানগণ ও আমি - আপোষে এজমালি সম্পত্তি সমূহ ১২।১১।৬০ তারিখের রেজেষ্টারীকৃত আপোষ - বন্টন দলিল মূলে আপোষ বন্টন করিয়া লইয়াছি । উক্ত পার্টিসান দলিল আলিপুর - সবরেজেষ্টারী আফিসের বুক ১ ভলুম ৩৮, সন ১৯৬০সালের ৩৫২৭নং দলিল রূপে - ৯৭-১০২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ আছে । উপরোক্ত আপোষ বন্টন দলিল মূলে আমি - উপরোক্ত পার্টিসান দলিল সংলগ্ন নক্সায় লট ।এ। চিহ্নিত ৩৭৪নং খতিয়ানের ১৪৪নং - দাগভুক্ত চিহ্নিত ৵১।৪২ এক বিঘা এক কাঠা চারি ছটাক বিয়াল্লিশ স্কোয়ার ফুট - পরিমিত জমি নিজাংশে প্রাপ্ত হইয়া নিজাংশে প্রাপ্ত জমিতে অন্যের নিরাংশে - নিরুপদ্রবে সুত্বদখলকার থাকি । উক্ত জমি হইতে চিহ্নিত মাপসুরত ৴৩।।৴০ তিনকাঠা-

CANOPAS BUILDTECH PVT. LTD.

Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH






এগারছটাক পরিমান জমি আমি আমার কনিষ্ঠা কন্যা ও জামাতাকে দান - করিয়াছি এবং বাকী জমিতে ১৪´ ও ১২´ প্রশস্ত কমন প্যাসেজ কালভার্ট ও ড্রেন - বাহাল করতঃ উক্ত জমি ক্ষুদ্র ক্ষুদ্র বাসোপযোগী প্লটে বিভক্ত করিয়া কিছু কিছু - প্লট বিভিন্ন ব্যক্তিকে বিক্রয় করিয়াছি এবং বাকী প্লটগুলি বিক্রয়ের ইচ্ছা ঘোষণা করিয়াছি । এক্ষনে উক্ত জমির মধ্য হইতে নিম্ন তপশীলে বিশেষরূপে বর্ণিত জমি - মহাশয়কে মবলগে ১৪,০০০্ চৌদ্দ হাজার টাকা পনে বিক্রয় করিলাম ও বিক্রীত - সম্পত্তি হইতে চিরতরে স্বত্বচ্যুত হইয়া বিক্রীত সম্পত্তির খাস ও খোলসা দখল - মহাশয়কে দিলাম । অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্ব মহাশয়কে বর্ত্তাইল । মহাশয় অদ্য হইতে উক্ত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া - মিউনিসিপ্যালিটি ও সরকারী জমিদার সেরেস্তায় নিজ নাম পত্তন করতঃ ওয়ারেশ

CANOPAS BUILDTECH PVT. LTD.
Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ এবং দান, বিক্রয় যাবতীয় হস্তান্তরের অধিকারী –
হইয়া বিক্রীত সম্পত্তি যথেচ্ছা ভোগদখল করিতে থাকিবেন তাহাতে আমি বা –
আমার ওয়ারিশান স্থলাভিষিক্তগণ কেহ কোনরূপ ওজর আপত্তি করিতে পারিব না –
বা পারিবে না বা করিলেও তাহা সর্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবে। প্রকাশ –
থাকে যে বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে। উক্ত জমি –
আমি কাহাকে দান, বিক্রয় কোনরূপ হস্তান্তর করি নাই বা কাহাকেও বিক্রয়ের –
অধিকারের বায়না চুক্তি করি নাই। উক্ত জমি কোনরূপ মর্টগেজ দায় বা জামিন –
দ্বারা আবদ্ধ নহে। উক্ত জমি সম্পর্কে আদালতে কোন মোকর্দ্দমা দায়ের নাই বা –
উহাতে আদালতের কোন ক্রোক বা নিষেধাজ্ঞা নাই। উক্ত জমি কোনরূপ –
দেবোত্তর নহে বা উহাতে দেবসেবার কোন চার্জ নাই। উক্ত জমি সম্পর্কে কোন –
ট্রাস্ট নাই। উক্ত জমিতে কোন প্রজা নাই। উক্ত জমি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ –
অবস্থায় আমার খাস ও খোলসা দখলে আছে এবং উক্ত জমি বিক্রয়ের আমার –
পরিপূর্ণ অধিকার আছে। উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোনও উক্তি মিথ্যা প্রমাণ –
হইয়া অথবা আমার স্বত্বদখলের কোনরূপ গলদ হেতু মহাশয়ের স্বত্বদখলের কোনরূপ –
হানি ঘটিলে ওয়ারিশান স্থলাভিষিক্তগণএবং মাফিক আইন আমলে আসিব এবং –
মহাশয়ের এবং মহাশয়ের ওয়ারিশান স্থলাভিষিক্তগণের নিকট যাবতীয় ক্ষতি –
খেসারতের মধ্যে দায়িক থাকিব। প্রকাশ থাকে যে মিউনিসিপাল রাস্তা হইতে –
বিক্রীত জমি পর্যন্ত যে রাস্তা কালভার্ট ও ড্রেন বাহাল করিয়াছি মহাশয় ওয়ারিশান
স্থলাভিষিক্তগণএবং উক্ত রাস্তায় ভৃত্য অনুচর যানবাহনাদি সহ অবাধে যাতায়াত –

CANOPAS BUILDTECH PVT. LTD.
Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

যাতায়াত করিতে পারিবেন এবং উক্ত রাস্তার উপর বা অভ্যন্তর দিয়া ড্রেণ পাইপ, ইলেকট্রিক টেলিফোন তার সিউয়ার প্রভৃতি লইতে পারিবেন ও সংলগ্ন ড্রেণে জল – নিকাশ করিতে পারিবেন । প্রকাশ থাকে যে উক্ত কমন প্যাসেজ ভুক্তজমি ভবিষ্যতে – কোন পাবলিক বডি গভর্ণমেন্ট মিউনিসিপ্যালিটি ইমপ্রুভমেন্ট ট্রাস্ট প্রভৃতি কর্ত্তৃক – গৃহীত হইলে কোবালা দাতা উহার সম্পূর্ণ কমপেনসেসন পাইতে হকদার থাকিবেন । – মূল দলিলাদির সহিত বহুবী অন্যান্য সম্পত্তির সম্পর্ক থাকায় মহাশয়কে সেগুলি প্রদান করিতে পারিলাম না । মহাশয়ের প্রয়োজন হইলে উক্ত দলিলাদি দর্শাইতে বা আদালত প্রভৃতি স্থানে দাখিল করিতে বাধ্য থাকিব । অত্র দলিলে কোন ভুল ত্রুটি প্রকাশ – পাইলে অথবা মহাশয়ের স্বত্বের পোষকতায় আমা কর্ত্তৃক কোন দলিল সহি সম্পাদন – রেজেষ্টারীর প্রয়োজন হইলে মহাশয়ের খরচায় বিনা পনে প্রয়োজনীয় সংশোধনী– অথবা পোষক দলিল সহি সম্পাদন রেজেষ্টারী করিয়া দিতে বাধ্য থাকিব । –

এতদর্থে সুস্থ দেহ ও মনে স্বেচ্ছায় সরল অন্তঃকরণে পনের রেবাক টাকা নিম্ন লায়মত প্রাপ্ত হইয়া অত্র সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি – তাং বাংলা সন ১৩৭৭সালের ৪ঠা [illegible] ইংরাজী সন ১৯৭০সালের ১৯শে জুলাই

তপশীল বিক্রীত জমি –

CANOPAS BUILDTECH PVT. LTD.
Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

## তপশীল বিক্রীত জমি -

জেলা ২৪পরগণা, থানা বেহালা পরগণা মাগুরা ৯৩,১০১ নং তৌজির - অন্তর্গত সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটির এলাকাভুক্ত রেঃসাঃনং ১৮৪, জেঃএলঃ- নং ৯১,মৌজা পুঞ্জ সাহাপুর গ্রামে গত জেলা জরিপের ৩৭৪ নং খতিয়ানের ১৪৪ এক শত চুয়াল্লিশ নং দাগের অংশ সংলগ্ন নক্সায় লাল বর্ণের বর্ডার বেষ্টিত মাপসুরত - কমবেশী ৵৩৵০ তিন কাঠা এক ছটাক পরিমাণ মধ্য স্বত্ব নিস্কর এক্ষণে ৪নং বিধিমতে অকৃষি প্রজা স্বত্বীয় জমি মায় সংলগ্ন গ্যারেজ কালভার্ট ও ড্রেণে উপরিলিখিত মত - স্বত্বাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্ব দরবস্তুহক্ক সমেত হাল জমিদার পশ্চিম বঙ্গ সরকার - পক্ষে কালেকটার ২৪ পরগণা হাল খতিয়ান নং ১৪৬৭ বার্ষিক হারাহারি খাজনা - ২.৩০ পয়সা বিক্রীত সম্পত্তি হাল ২৫৭/২৬৩ নং এস,এন,রায় রোড ওয়ার্ড নং ১৪, মিউনিসিপ্যাল হোলডিংয়ের অন্তর্গত হইতেছে। -

### চৌহদ্দি ঃ,-

উত্তর - ৪৯এ,ও ৪৯বি ,টালিগঞ্জ সার্কুলার রোড -

পূর্ব - কিয়দংশে ড্রেণ সহ ১৪ ফুট প্রশস্ত কমন প্যাসেজ -
কিয়দংশে শ্রী সুশীল মুখার্জির জমি -

দক্ষিণ - শ্রী বলাই লাল চাটার্জি দিং -

পশ্চিম - ৫৬নং টালিগঞ্জ সার্কুলার রোড । -

CANOPAS BUILDTECH PVT. LTD.
Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

### টাকার রায় -

টাকার জমা —

ইউ,বি,ই, বজবজ ব্রাঞ্চ —

এস,বি,৫৮০নং একাউন্টে —

| | |
|---|---|
| ২৬।৯।৬৯ তারিখের ০৩২৪১৫ নং চেক দ্বারা — | ৪০১, টাকা — |
| ১৭।১০।৬৯ তারিখের ০৩২৪১৭ নং চেক দ্বারা — | ৫০০০, টাকা — |
| ২১।১১।৬৯ তারিখের ০৩২৪১৮নং চেক দ্বারা — | ৫০০০, টাকা — |
| ২৬।১।৭০ তারিখের ০৩৭২৩২নং চেক দ্বারা — | ৩০০০, টাকা — |
| অদ্য নগদ — | ৫৯৯, টাকা — |
| মোট | ১৪,০০০ টাকা — |

সর্বশুদ্ধ চৌদ্দ হাজার টাকা মাত্র। —

CANOPAS BUILDTECH PVT. LTD.
Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH

স্বাক্ষী ঃ—

Pradip Biswas
84. Ballygunge - gardens
Calcatta - 19

Gobordhan Nayak
7. Jyotish Roy Road
Cal - 53

টাইপকারক —
শ্রী পরেশনাথ ঘোষ —
আলিপুর জজকোর্ট —

CANOPAS BUILDTECH PVT. LTD.

Director

AS CONSTITUTED ATTORNEY OF
SANJOY GHOSH